

WE ARE YOUR DOL



Department
of Labor



UI সংক্রান্ত জালিয়াতি বোঝা

UI সংক্রান্ত জালিয়াতি কী?

যখন কোনো ব্যক্তি বেকারত্ব বিমা (Unemployment Insurance - UI) পাওয়ার অযোগ্য হওয়া সত্ত্বেও, জেনেশুনে ভুল তথ্য দিয়ে বা যথাযথ তথ্য না দিয়ে এটির সুযোগসুবিধা লাভ করে, সেটাকেই বেকারত্ব বিমা (Unemployment Insurance - UI) সংক্রান্ত জালিয়াতি বলে।

বেকারত্ব বিমা জালিয়াতির কয়েকটি উদাহরণ:

- UI এর সুবিধা পাওয়ার জন্য আবেদন করার সময় ভুল তথ্য দেওয়া বা তথ্য না দেওয়া
- ইচ্ছাকৃতভাবে ভুল পারিশ্রমিক উল্লেখ করা
- আপনি কাজ করতে সক্ষম এবং কাজের জন্য উপলব্ধ বা সক্রিয়ভাবে কাজ খুঁজছেন বলে দাবি করা, যেখানে আসলে আপনি এমন কিছুই করছেন না
- UI সুবিধা দাবি করার সময়কালে গোটা সপ্তাহের মোট আয় রিপোর্ট করছেন না
- অন্য কোনো ব্যক্তির কাছে থেকে অনুমতি না নিয়ে বা তাদের না জানিয়েই তাদের নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর বা কাজের তথ্য ব্যবহার করে দাবি দাখিল করছেন
- জেলে থাকা কোনো ব্যক্তির জন্য দাবি দাখিল করছেন

বেকারত্ব বিমা সংক্রান্ত জালিয়াতির পরিণতির কয়েকটি উদাহরণ:

- আপনি যতটুকু UI সুবিধা সংক্রান্ত পেমেন্ট পেয়েছেন, তা ফেরত দিতে হবে এবং তার পাশাপাশি সুদ ও অন্যান্য আবশ্যিক জরিমানাও আরোপ করা হবে।
- UI ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত আপনি আর কোনও অতিরিক্ত UI সুবিধা লাভ করতে পারবেন না।
- আপনার ঋণ পরিশোধ করার জন্য আপনার স্টেট ও ফেডারেল আয়কর রিফান্ড নিয়ে নেওয়া যেতে পারে।
- স্টেট বিচার করতে পারে এবং কিছু ক্ষেত্রে ফলাফল হিসাবে জেলেও যেতে হয়।

UI সংক্রান্ত জালিয়াতি বন্ধ করার জন্য আমাদের আপনার সহায়তা প্রয়োজন!

UI সংক্রান্ত জালিয়াতি করছে, এমন কারোর বিষয়ে যদি আপনি জানেন বা কাউকে সন্দেহ করেন তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন!

অনলাইন: on.ny.gov/ui/fraud

UI সংক্রান্ত জালিয়াতির হটলাইনে কল করুন:

1-866-435-1499

UI সংক্রান্ত জালিয়াতির বিষয়ে আরও তথ্যের জন্য

এখানে ভিজিট করুন dol.ny.gov/report-fraud



UI দাবিদারদের সুবিধা প্রক্রিয়া নির্দেশিকা দেখুন